1987

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন
তারিখ, ১৬ই আষাঢ়, ১৩৯৪/১লা জুলাই, ১৯৮৭

এস,আর,ও নং ১৩৬-এল/৮৭।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নির্দেশ দিলেন যে, কোম্পানী নহে এইরূপ কোন করদাতা ১৯৮৭-৮৮ কর বৎসরের আয়কর রিটার্নের "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" খাতে কোন আয় ঘোষণা করিলে অনুরূপ ঘোষিত আয়ের উপর ২০% হারে আয়কর প্রদেয় হইবে:

শর্ত থাকে যে, এই সুবিধা পাইতে হইলে রিটার্ন দাখিলের তারিখে অথবা তৎপূর্বেই প্রদেয় কর পরিশোধ করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, ১৯৮৭-৮৮ কর বৎসরের পূর্ববর্তী বৎসরে "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" খাতে নির্দিষ্ট উৎস হইতে যে আয় করদাতা তাহার রিটার্নে দেখাইয়াছেন এবং যাহার উপর স্বাভাবিক হারে করারোপ করা হইয়াছে, সেই প্রকারের আয় এই রেয়াতী হারের পর্যায়ভুক্ত হইবে না।

করদাতা "মোট আয়" নির্ণয়ের উদ্দেশ্যে প্রথম অনুচ্ছেদে বর্ণিত আয়ের অংক অন্যান্য আয়ের সহিত একীভূত করা হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ ছাইদুল হক চৌধুরী
অতিরিক্ত সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner